গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

| | |
|---|---|
| বিষয় | ঃ উপজেলা পরিষদের এপ্রিল, ২০২২ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভার তারিখ | ঃ ২৮ এপ্রিল, ২০২২ খ্রিঃ। |
| সময় | ঃ বিকাল ৩.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং ছাতক-দোয়ারাবাজার নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৫ ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব মুহিবুর রহমান মানিক মহোদয় সভায় উপস্থিত থাকায় সভার পক্ষ থেকে তাঁকে আন্ত রিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৫ ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব মুহিবুর রহমান মানিক দোয়ারাবাজার উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানদ্বয়, সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণ, সংরক্ষিত মহিলা সদস্যগণ এবং উপজেলা নির্বাহী অফিসার ও বিভাগীয় কর্মকর্তাগণসহ উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

তিনি আরো বলেন যোগাযোগ ক্ষেত্রে এ উপজেলায় অভূত উন্নয়ন ঘটেছে। স্থানীয় সরকার বিভাগ হতে সুনামগঞ্জ জেলায় বেশ কয়েকটি মেগা প্রকল্প গ্রহণ করা হয়েছে। সুনামগঞ্জ -১ আসনে একটি উড়াল সেতু নির্মাণ প্রকল্প গ্রহণ করে বরাদ্দ দেওয়া হয়েছে। তারই ধারাবাহিকতায় দোয়ারাবাজার উপজেলাও কয়েকটি বড় প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ উপজেলা বর্তমানে প্রায় ১০০ কোটি টাকার কাজ চলছে। আগামী অর্থ বছরে আরো কয়েকটি বড় প্রকল্প গ্রহণ করা হবে। সুনামগঞ্জ জেলার ৫ এমপির সমন্বয়ে সুনামগঞ্জ প্রকল্প নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে সুনামগঞ্জের হাওরের রাস্তা এবং ব্রিজ নির্মাণ করা হবে এবং এ লক্ষে কার্যক্রম শুরু করা হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন। বর্তমান সরকার ছাতক-দোয়ারাবাজার উন্নয়নে বরাদ্দ দিয়েছেন। ছাতক সিমেন্ট ফ্যাক্টরী এক সময় বন্ধ হয়ে নিলামে উঠতেছিল, ঐ অবস্থায় তিনি একহাজার কোটি টাকা বরাদ্দ আনার ব্যবস্থা গ্রহণ করেন এবং বর্তমানে কাজ চলমান রয়েছে। ছাতক -গোবিন্দগঞ্জ রাস্তা একটি পক্ষ রাস্তায় ধানের চারা রোপন করে সরকারের উন্নয়নকে কটাক্ষ করেছিল, সেই রাস্তা উন্নত প্রযুক্তিতে নির্মাণ করা হয়েছে। এ রাস্তার সবগুলো ব্রিজ ভেঙ্গে ১০০ বছরের পরিকল্পনায় নতুন ব্রিজ নির্মাণ করা হয়েছে। দোয়ারাবাজার - বাংলাবাজার রাস্তা প্রায় ২২ কোটি টাকা ব্যয়ে নির্মাণ কাজ চলমান রয়েছে। এ রাস্তার নৌকাভাঙ্গা স্থানে প্রায় ৪ কোটি ব্যয়ে ব্রিজের কাজ সমাপ্ত হয়েছে। বাংলাবাজার বালু নদীতে ব্রিজের কাজ সমাপ্ত হয়েছে। মান্নারগাঁও ইউনিয়নে নোয়াগাঁও খালে প্রায় ৯ কোটি টাকা ব্যয়ে ব্রিজের কাজ চলমান রয়েছে। সুরমা ইউনিয়নের খাসিয়ামারা নদীতে আলীপুর ব্রিজের কাজের উদ্বোধন করা হয়েছে। লক্ষীপুর ইউনিয়নের খাসিয়ামারা নদীতে আরো ২টি ব্রিজ একটি ভাঙ্গাপাড়া এবং অপরটি লিয়াকতগঞ্জ-বক্তারপুর ব্রিজ নির্মাণ করা হবে। সুরমা নদীতেও ২টি ব্রিজ নির্মাণ করার পরিকল্পনা করা হয়েছে। বহুল প্রত্যাশিত সুরমা ব্রিজের কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে, জুন/২২ মাসে এটি শুভ উদ্বোধন করা হবে। এই ব্রিজ চালু হলে দোয়ারাবাজারের যোগাযোগসহ অর্থনৈতিক অবস্থার পরিবর্তন ঘটবে বলে তিনি উল্লেখ করেন। উপজেলার সাথে প্রতিটি ইউনিয়নের সংযোগ সড়ক নির্মাণ করা হয়েছে। গ্রামিণ অবকাঠামোর আওতায় অনেক নতুন রাস্তা নির্মাণ করা হয়েছে। সুরমা নদীর উপর মুক্তিযোদ্ধা সেতু নির্মাণ হলে জেলা শহরের সাথে ব্যবসা-বানিজ্য বৃদ্ধি পাবে মর্মে তিনি উল্লেখ করেন। আমাদের সমস্যা অনেক তাছাড়া প্রতি বছর প্রাকৃতিক দুর্যোগে এ সমস্যাগুলো আরো দীর্ঘায়িত করছে। এসব মধ্যেও উন্নয়ন করা হচ্ছে। তিনি উন্নয়নমূলক কাজগুলো যেন টেকসই ভাবে বাস্তবায়ন হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য সকলকে অনুরোধ জানান।

মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন এ উপজেলায় স্বাস্থ্য খাতে ব্যাপক উন্নয়ন করা হয়েছে। তাঁর বর্তমান মেয়াদকালীন সময়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ২৫ শয্যা হতে ৫০ শয্যায় উন্নত করেছেন। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রগুলোতে নতুন ভবন নির্মাণ করা হয়েছে। প্রতিটি ইউনিয়নে ৩ থেকে ৪টি করে কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা হয়েছে। ইতিমধ্যে দোয়ারাবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নতুন একটি এম্বুলেন্স হস্তান্তর করা হয়েছে। তিনি গরীব ও অসহায় মানুষদের উপযুক্ত স্বাস্থ্য সেবা প্রদানে আন্তরিক হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

তিনি আরো বলেন এ উপজেলায় শিক্ষা ক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন ঘটেছে। প্রাথমিক বিদ্যালয়গুলোতে নতুন ভবন নির্মাণ করা হয়েছে, অনেকগুলো নতুন ভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে এবং কয়েকটি বিদ্যালয়ে ভবন নির্মাণে অনুমোদন পাওয়া গেছে। প্রাথমিকে নতুন ভবনের পাশাপাশি সরকার নতুন শিক্ষক নিয়োগ কার্যক্রমও শুরু করেছেন। প্রাথমিকে শিক্ষা ব্যবস্থার মান উন্নয়নে শিক্ষকদের আরো বেশী মনোযোগী হওয়ার আহবান জানান। দোয়ারাবাজার কলেজ এবং বড়খাল কলেজকে ডিগ্রি কলেজে উন্নত করা হয়েছে। এ উপজেলায় শুধুমাত্র সমুজ আলী স্কুল ও কলেজে বিজ্ঞান শাখা চালু ছিল, খুশির খবর হলো বড়খাল কলেজ এ বিজ্ঞান বিভাগ চালু করার অনুমতি পাওয়া গেছে। বিজ্ঞান বিভাগের জন্য শিক্ষার্থীগণ বাহিরে যেতে হতো বর্তমানে দোয়ারাবাজারের সন্তানরা বাড়ীতে থেকেই বিজ্ঞান বিভাগে পড়া লেখা করতে পারবে। পান্ডারগাঁও ইউনিয়নের হাজী কনু মিয়া উচ্চ বিদ্যালয় এবং মান্নারগাঁও ইউনিয়নের মিতালী উচ্চ বিদ্যালয়কে কলেজে রূপান্তরিত করার পরিকল্পনা করে কার্যক্রম শুরু করা হয়েছে। প্রতিটি স্কুল ও কলেজে নতুন নতুন ভবন নির্মাণ করা হয়েছে এবং নির্মাণ কাজ চলমান রয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা ক্ষেত্রে পিছিয়ে পড়া উপজেলা থেকে উত্তরণে সহায়ক হবে মর্মে তিনি উল্লেখ করেন।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | **ক)** উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি এবং উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেয়া প্রকল্পসমূহের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। তাছাড়া অন্যান্য প্রকল্পের কাজও চলমান রয়েছে। নোয়াগাঁও খালের ব্রিজের কাজ চলমান রয়েছে, আলীপুর ব্রিজের কাজ উদ্বোধন হলেও এখনও শুরু করা হয়নি। ফকিরারপুল ব্রিজের কাজ সমাপ্ত হয়েছে। তাছাড়া বর্ষা মৌসুমের আগেই অন্যান্য উন্নয়ন কাজগুলো সমাপ্ত করার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি আরো বলেন উপজেলা পরিষদ ভবন নির্মাণের কাজ ঈদের পর শুরু করা হবে। তিনি ভবনের কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে নির্মাণে সকলের সহযোগিতা কামনা করেন।<br>**খ)** চেয়ারম্যান, বোগলাবাজার ইউনিয়ন পরিষদ বলেন মহব্বতপুর বাজারের উত্তর পাশে ভাঙ্গা মাটি ভরাট করা হয়েছে, বৃষ্টি হলে কাদা হয়। এতে কোন যানবাহন চলাচল করতে পারে না, তাই উক্ত স্থানটি বালি ও কনক্রিট এর সমন্বয়ে মেরামত করার অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন মহব্বতপুর বাজারের পাশে ভাঙ্গায় এ বছর মাটি ভরাট করা হয়েছে, তাই এ বছর পাকার করা সম্ভব নয়। তবে উক্ত স্থানটি বালি ও কনক্রিট এর সমন্বয়ে মেরামত করার ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে তিনি জানান।<br>**গ)** মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন নরসিংপুর ইউনিয়নের তেরাপুর ও নরসিংপুর ব্রিজের কাজ সমাপ্ত হলে ব্রিজ ২টি উদ্বোধন করার তারিখ নির্ধারণ করা যেতে পারে মর্মে তিনি উল্লেখ করেন।<br>উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন ব্রিজ ২টির কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে, শুভ উদ্বোধনের জন্য তারিখ নির্ধারণ করার জন্য মানানীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানান।<br>**ঘ)** চেয়ারম্যান, মান্নারগাঁও ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের বড় বাজার আমবাড়ী বাজার। এ বাজারে জলাবদ্ধতা লেগে থাকে, তাই পানি নিস্কাশন ড্রেইন নির্মাণ করার অনুরোধ জানান।<br>**ঙ)** চেয়ারম্যান, দোহালিয়া ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নের দোহালিয়া বাজারের একটি স্থানে সবসময় জলাবদ্ধতার সৃষ্টি হয়, তিনি পানি নিস্কাশনে ড্রেইন নির্মাণ করার অনুরোধ জানান।<br>**চ)** চেয়ারম্যান, লক্ষীপুর ইউনিয়ন পরিষদ বলেন রাবার ড্যাম হতে লিয়াকতগঞ্জ বাজার পর্যন্ত রাস্তাটি বর্ষা মৌসুমে চলাচলের অনুপযোগী হয়ে পড়ে, তাই এ রাস্তার বিভিন্ন স্থানে বালি ও কনক্রিট দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>**ছ)** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন সুনামগঞ্জ প্রকল্প নামে নতুন একটি প্রকল্প শুরু এবং এ উপজেলার গুরুত্বপূর্ণ ব্রিজ ও রাস্তা অন্তভূক্ত করায় মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অভিনন্দন জানান। তিনি নরসিংপুর ইউনিয়নের বেলা নদীতে একটি ব্রিজ নির্মাণে উক্ত প্রকল্পে অন্তভূক্ত করার জন্য অনুরোধ জানান। | **ক)** এডিপি এবং উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলে হতে নেয়া প্রকল্পগুলোর কাজ দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | জ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন, ২০২১-২২ অর্থ বছরে উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে টেবলাই মাদ্রাসার গেইট নির্মাণ একটি প্রকল্প গ্রহণ করা হয়েছিল, কিন্তু নির্মাণকালে গেইটটির সাথে বাউন্ডারী ওয়াল করা প্রয়োজন হয়ে পড়ায় বরাদ্দকৃত অর্থ দ্বারা কাজ সমাপ্ত করা সম্ভব হচ্ছে নাই। তাই কাজটি সমাপ্ত করতে আরো কিছু বরাদ্দ প্রয়োজন মর্মে তিনি সভায় জানান।<br>ঝ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, উপজেলা সদরে বিদ্যুতের লোডশেডিং এর কারণে অফিশিয়াল কোন কাজ-কর্ম করা সম্ভব হচ্ছে না। অফিসে প্রতিনিয়ত কাজ করতে হয় তাই তাঁর কার্যালয়ে একটি সোলার আইপিএস সংযোজন করা অতীব জরুরী। তিনি উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে একটি সোলার আইপিএস সংযোজন করার জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।<br>ঞ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবন এবং উপজেলা পরিষদের গেজেটেট ভবনের ২তলা পূর্ব পাশের কোয়ার্টারটি মেরামত করা অতীব প্রয়োজন। তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবন এবং উপজেলা পরিষদের গেজেটেট ভবনের ২তলা পূর্ব পাশের কোয়ার্টারটি মেরামতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন তাঁর বাসাটি অনেক দিন যাবত পড়ে থাকায় সংস্কার প্রয়োজন। বাসাটি মেরামত করা হলে তিনি দ্রুত বাসায় উঠবেন মর্মে সভায় জানান। | ঙ) ২০২১-২২ অর্থ বছরে উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে টেবলাই মাদ্রাসার গেইট নির্মাণ একটি প্রকল্পে অতিরিক্ত ০.৬০ লক্ষ টাকা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>জ) উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে একটি সোলার আইপিএস সংযোজন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের এবং পিআইসির মাধ্যমে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঞ) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবন এবং উপজেলা পরিষদের গেজেটেট ভবনের ২তলা পূর্ব পাশের কোয়ার্টারটি মেরামতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের এবং কোটেশনের মাধ্যমে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০২ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন এ উপজেলার সকল বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের Covid-19 করোনা ভাইরাসের ভ্যাকসিন ফাইজারের প্রথম ও ২য় ডোজ ডোজ সম্পূন্ন করা হয়েছে। পর্যায়ক্রমে ৩য় ডোজ প্রদান করা হবে। এ উপজেলার ১৩টি কমিউনিটি ক্লিনিক মেরামত এবং ৬টি কমিউনিটি ক্লিনিক পুনঃনির্মাণ করার চাহিদা প্রদান করা হয়েছে মর্মে তিনি জানান।<br>চেয়ারম্যান, পান্ডারগাঁও ইউনিয়ন পরিষদ বলেন পান্ডারগাঁও FWC তে একটি কমিউনিটি ক্লিনিক রয়েছে। উক্ত কমিউনিটি ক্লিনিকটি কোন কার্যক্রম চলমান না থাকায় এলাকার মানুষ স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হচ্ছে। তিনি কমিউনিটি ক্লিনিকটির কার্যক্রম চলমানে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>খ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন বোগলাবাজার ইউনিয়নে একটি পরিবার কল্যান কেন্দ্র নির্মাণ করা হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদার পরিবার কল্যান কেন্দ্রের ভবনটি বুঝিয়া নেওয়ার তাগিদ দিচ্ছে, কিন্তু সরজমিন পরিদর্শন করে ভবনটি ত্রূটি থাকায় ভবনটি বুঝিয়া নেওয়া হচ্ছে না মর্মে তিনি জানান।<br>মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন ত্রূটিপূর্ণ ভবনটি গ্রহণ না করতে এবং তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করবেন মর্মে সভায় জানান। | | সংশ্লিষ্ট সকল |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) ১ম পর্যায়ে নগদ টাকা ৩৩,৩৬,২২৯.৯৫ টাকা, ৭০.৫৯৩৬ মেঃ টন চাল এবং ৭০.৫৯৩৬ মেঃ টন গম এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ১ম পর্যায় ১৭,৮৩,৭৯৬.০৭/- টাকার বিপরীতে প্রকল্পসমূহের কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে মর্মে তিনি জানান। তিনি আরো বলেন গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ২য় পর্যায় ৩৫,৬৭,৫৯৩.৪০/- টাকার বরাদ্দ পাওয়া গেছে, বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। দাখিল করার অনুরোধ জানান। গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) ৩য় পর্যায়ে এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ৩য় পর্যায় ইউনিয়নওয়ারী বন্টন করে পত্র দেওয়া হয়েছে। দ্রত তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ২য় পর্যায়ে বরাদ্দের বিপরীতে প্রকল্পগুলোর কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে এবং গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) ৩য় পর্যায়ে এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ৩য় পর্যায় ইউনিয়নওয়ারী তালিকা দ্রত প্রদানের জন্য ইউ.পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০৪ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন আউসের প্রণোদনা হিসাবে বীজ ও সার ইউনিয়নের তালিকা অনুযায়ী বিতরণ করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর তত্ত্বাবধানের কারণে নাইন্দার হাওরের ফসল রক্ষা বাঁধ রক্ষা করা সম্ভব হয়েছে, যার ফলে কৃষক এ হাওরের ধান ঘরে তুলতে পেরেছেন। ইতিমধ্যে বোরো ধান ৮০% কাটা হয়েছে, বাকী ধান কয়েক দিনের মধ্যে কাটা সমাপ্ত হবে মর্মে তিনি জানান। | ক) ইউনিয়নের তালিকা অনুযায়ী আউসের বীজ ও সার সুষ্ঠ ও সুন্দর ভাবে বিতরণ করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৫ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। দোয়ারাবাজার উপজেলা গত দুই অর্থ বছর কোন ভাতার বরাদ্দ পাওয়া যায়নি। সারা দেশে ২৬২ টি উপজেলাকে শতভাগ ভাতার আওতায় নেওয়া হয়েছে। নতুন অর্থ বছরে এরা ১০০ টি উপজেলা শতভাগ ভাতার আওতায় নেওয়া হবে। এ তালিকায় দোয়ারাবাজার উপজেলা অন্ত ভূক্ত করার ব্যবস্থা গ্রহণে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানান। তিনি আরো বলেন এ উপজেলা প্রতিবন্ধি ভাতার বরাদ্দ পাওয়া গেছে। প্রতিবন্ধি যারা রয়েছে, তারা সমাজসেবা অফিসে যোগাযোগ করলে ডাক্তার কর্তৃক যাচাই-বাছাই করে ভাতা ব্যবস্থা করা হবে মর্মে তিনি জানান। | দোয়ারাবাজার উপজেলাকে শতভাগ ভাতার আওতায় অন্তভূক্ত করার ব্যবস্থা গ্রহণে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার। |
| ০৬ | মৎস্য ও প্রাণীসম্পদ | উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাবাজার বলেন জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা ২০১৯ এর আলোকে অত্র উপজেলার জেলেদের চিহ্নিতকরণ, নিবন্ধন পরিচয়পত্র প্রদান ও তালিকা প্রণয়ন করা হবে। নির্ধারিত ফরম এ আবেদন করতে হবে। আবেদনের সাথে সংশিস্নষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ, ছবি ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। তিনি জেলেদের চিহ্নিতকরণ, নিবন্ধন পরিচয়পত্র প্রদান ও তালিকা প্রণয়ন কাজে সহযোগিতা করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানান। | জেলেদের চিহ্নিতকরণ, নিবন্ধন পরিচয়পত্র প্রদান ও তালিকা প্রণয়ন কাজে সহযোগিতা করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন কোন অমৎস্যজীবী যেন এ নিবন্ধনের আওতায় না আসে সে দিকে লক্ষ রেখে তালিকা প্রণয়ন করার জন্য সংশিশ্লষ্ট সকলকে অনুরোধ জানান। | | |
| ০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন এ উপজেলায় ২৮/০৪/২০০ খ্রিঃ তারিখে হতে ধান সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। এ উপজেলায় ১,৬০০ মেঃ টন ধান সংগ্রহ করা হবে। প্রতি কেজি ধানের দাম ২৭ টাকা নির্ধারণ করা হয়েছে। একজন কৃষক সর্বোচ্চ ৩.০০ মেঃটন ধান দিতে পারবেন। আগ্রহী কৃষকগণকে উপজেলা খাদ্য অফিসে যোগাযোগ করার জন্য এবং ধান সংগ্রহ কাজে সহযোগিতা করার জন্য সকল জনপ্রতিনিধিকে অনুরোধ জানান। | | উপজেলা খাদ্য কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৮ | সংস্থাপন বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন সভায় জানান যে. উপজেলা পরিষদের ০২ (দুই) জন নিয়মিত কর্মচারী যথাক্রমে জনাব মোঃ সফিকুর রহমান, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ হারুন অর রশিদ, গাড়ি চালক, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ অনুযায়ী (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক দোয়ারাবাজার উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব নম্বর খোলার জন্য আবেদন দাখিল করেছেন। এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে গত ২৪/১০/২০২০খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০-৭৩৬ নং স্মারকপত্র মাধ্যমে নির্দেশনা প্রদান করেছেন। তিনি ০২ (দুই) জন কর্মচারীর নামে পৃথক পৃথক প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব খোলা সংক্রান্ত আবেদন ও স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত পত্রটি সভায় উপস্থাপন করেন। | উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা এবং উক্ত ০২ (দুই) জন কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে স্ব স্ব কর্মচারীর জন্য প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাব খোলা এবং উক্ত তহবিলে বিধি মোতাবেক হারে বছরের শেষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে কর্মচারীদের হিসাবে জমা প্রদানের সিদ্ধান্ত হয়। এছাড়া উক্ত হিসাব স্ব স্ব কর্মচারী ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে মর্মে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। ও সংশ্লিষ্ট কর্মচারীগণ। |
| ০৯ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ২০২১-২২ অর্থ বছরের মার্চ/২২ মাসে মোট ১২ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২১-২২ অর্থ বছরের মার্চ/২২ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২১-২২ অর্থ বছরের মার্চ/২২ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ মার্চ/২২ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৭.৫% ভ্যাট ২,০২৫/- টাকা ও ২% আয়কর ৫৪০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী | ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদের মার্চ/২২ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- টাকার ৫% ভ্যাট ২২৬/- টাকা ও ২% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | | |
| | | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। ইফতার মাহফিলে মোট ২৫,০০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিলে হতে প্রদান করার অনুরোধ জানান। | গ) উপজেলা পরিষদের ইফতার মাহফিলে ব্যয়িত মোট ২৫,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা সদরে বিদ্যুতের এতবেশী লোডশেডিং হয় যে, অফিসিয়াল কোন কাজ-কর্ম করা সম্ভব হচ্ছে না। তাই উপজেলা পরিষদ কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে একটি সোলার আইপিএস সংযোজন করা হয়। সোলার আইপিএস সংযোগে মোট ৬১,৮০০/- টাকার ৭.৫% ভ্যাট ৪,৬৩৫/- টাকা এবং ২% আয়কর ১,২৩৬/- টাকাসহ সর্বমোট ৬৭,৬৭১/- টাকা ব্যয় হয়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান। | ঘ) উপজেলা পরিষদ কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিসিয়াল কাজ-কর্ম অব্যাহায়ত রাখার জন্য সোলার আইপিএস সংযোগে ব্যয়িত ৬১,৮০০/- টাকার ৭.৫% ভ্যাট ৪,৬৩৫/- টাকা এবং ২% আয়কর ১,২৩৬/- টাকাসহ সর্বমোট ৬৭,৬৭১/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের এবং বিল ভাউচারের মাধ্যমে টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের পানি ট্যাংকিগুলো এবং পরিষদের চারিপাশ পরিস্কার পরিচ্ছন্ন করা হয়। এতে মোট ১৫,০০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান। | ঙ) উপজেলা পরিষদের পানি ট্যাংকিগুলো এবং পরিষদের চারিপাশ পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ব্যয়িত মোট ১৫,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৫/২২

(দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২০- ১৫৫

তারিখ ঃ- ১০ মে, ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৮, সুনামগঞ্জ-০৫।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৫। জনাব/বেগম ............................................ ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। উপজেলা ..................................................অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৭। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৮। জনাব.................................................................................................।

৯। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১০। সংরক্ষণ নথি

১০/০৫/২২

(দেবাংশু কুমার সিংহ)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
দোয়ারাবাজার উপজেলা পরিষদ।